দামুড়হুদায় প্রশাসনের হস্তক্ষেপে বাল্যবিবাহ বন্ধ

দামুড়হুদা উপজেলা প্রশাসনের হস্তক্ষেপে বন্ধ হলো আরও একটি বাল্যবিবাহ। বরযাত্রীর খাবার গেলো এতিমখানায়। ঘটনাটি ঘটেছে উপজেলার কানাইডাঙ্গা গ্রামে। এ ঘটনায় বর ও কনে উভয় পক্ষকে মোট ১৩ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ বেলা সাড়ে ১২ টার দিকে। অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সজল কুমার দাস।

জানাগেছে, দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কানাইডাঙ্গা গ্রামে বাল্যবিবাহর আয়োজন করা হচ্ছে মর্মে সংবাদ পাওয়ায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এসময় বাল্যবিবাহ বন্ধ করা হয়। বর ঠাকুরপুর গ্রামের আলী হোসেন এর ছেলে শামীম। ঘটনার সত্যতা পেয়ে বর ও কনে পক্ষের দুইজনকে বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ এর ০৮ ধারায় বর পক্ষকে ৮ হাজার এবং কনে পক্ষকে ৫ হাজার, উভয় পক্ষকে মোট ১৩ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সজল কুমার দাস।

এসময় বরযাত্রী ও অন্য অতিথিদের জন্য রান্না করা খাবার কার্পাসডাঙ্গা মদিনাতুল উলুম মাদ্রাসা ও এতিমখানায় বিতরণ করা হয়। মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগিতা করেন দামুড়হুদা কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির একটি চৌকস টিম।